www.xtrapapers.com
www.PapaCambridge.com

UNIVERSITY OF CAMBRIDGE LOCAL EXAMINATIONS SYNDICATE
in collaboration with
MINISTRY OF EDUCATION, SINGAPORE
General Certificate of Education Ordinary Level

**BENGALI** **3204/02**

Paper 2 Language Usage and Comprehension

October/November 2004

**1 hour 30 minutes**

Additional Materials: Answer Booklet/Paper

**READ THESE INSTRUCTIONS FIRST**

If you have been given an Answer Booklet, follow the instructions on the front cover of the Booklet.
Write your Centre number, index number and name on all the work you hand in.
Write in dark blue or black pen on both sides of the paper.
Do not use staples, paper clips, highlighters, glue or correction fluid.

Answer **all** questions.
The number of marks is given in brackets [ ] at the end of each question or part question.
At the end of the examination, fasten all your work securely together.

This document consists of **10** printed pages and **2** blank pages.

UNIVERSITY of CAMBRIDGE

www.xtrapapers.com
www.PapaCambridge.com



## Section A
## বিভাগ 'ক'

**A1 Separation/Combination of Words** [10 marks]

সন্ধি বিচ্ছেদ

নিচে দেওয়া শব্দগুলির সন্ধি বিচ্ছেদ কর।
তোমার উত্তর প্রদত্ত উত্তর পুস্তিকায় লেখো।

1 সম্পদ

2 উদ্যোগ

3 কান্না

4 একাদশ

5 নিস্তেজ

www.xtrapapers.com
www.PapaCambridge.com



## A2 Idioms, Proverbs and Words in Pairs
বাগধারা, প্রবচন, জোড়া শব্দ

*নিচে বাক্যগুলিতে একটি করে শূন্যস্থান দেওয়া আছে। শূন্যস্থানগুলি পূরণের জন্য নিচে দেওয়া উপযুক্ত বাগধারা/প্রবচন/জোড় শব্দটি বেছে উত্তর পুস্তিকায় লেখো।*

6 লোকটির ____________________, আর অমনি দশ হাজার টাকার শেয়ার কিনে ফেললো।

7 মেয়েটি সামান্য ঘরে জন্মালেও কিন্তু __________________ ।

8 ছেলেটি শিক্ষকের সামনে গিয়ে দাঁড়াতেই তিনি বললেন, "যা বলতে চাও বলো, অত __________________ কিসের?

9 শিপা ঝুমিকে ঠকিয়ে তার ঘড়ি নিয়েছে; ঝুমিও সুযোগ বুঝে শিপার কলম নিয়েছে; এ যে দেখছি ______________ কোলাকুলি।

10 বড়বাবুর অনুপস্থিতিতে কর্মচারীদের এখন______________ , সবাই মিলে এখন পুকুর চুরি করতে লেগেছে।

(1) সেয়ানে সেয়ানে

(2) পোয়া বারো

(3) ঘাড়ে ভূত চেপেছে

(4) পুকুর চুরি

(5) ননীর পুতুল

(6) ঢাকঢাক গুড়গুড়

(7) গোবরে পদ্মফুল

(8) চোখের বালি

(9) গলায় গলায়

(10) আদায় কাঁচকলায়

www.xtrapapers.com
www.PapaCambridge.com



**A3 Sentence Transformation**
বাক্য রূপান্তর

*নিচের প্রত্যেকটি অসম্পূর্ণ বাক্যকে উপযুক্ত শব্দের সাহায্যে এমন ভাবে পূরণ কর যেন তার অর্থ ওপরের বাক্যটির অর্থ থেকে বদলে না যায়। উত্তর পত্রে শুধু তোমার উত্তরটুকুই সম্পূর্ণ বাক্যে লিখবে।*

**11** তিনি আমাকে ভেতরে যেতে অনুরোধ করলেন।
তিনি আমাকে বললেন, ____________________________________________।

**12** সৎপথে থেকে পরিশ্রম করলে তোমার উন্নতি হবে।
যদি সৎপথে ____________________________________________।

**13** আর কথা বাড়ানোর প্রয়োজন নেই।
আর কথা ____________________________________________।

**14** বইটি এখানে না থাকলেও অন্য কোথাও আছে।
বইটি ____________________________________________।

**15** আজীবন তোমার কথা মনে থাকবে।
যতদিন ____________________________________________।

www.xtrapapers.com

www.PapaCambridge.com



## A4 Cloze Passage

ক্লোজ পরিচ্ছেদ

*এই অনুচ্ছেদটিতে শূন্যস্থানগুলি পূরণের জন্য নিচে কতগুলি শব্দ দেওয়া হয়েছে। প্রত্যেকটি শূন্যস্থান পূরণের জন্য তার মধ্য থেকে উপযুক্ত শব্দটি বেছে উত্তর পত্রে লেখো।*

আধুনিক জীবনে বিজ্ঞান ও প্রযুক্তি বিদ্যার সঙ্গে পাল্লা দিতে গিয়ে বেড়ে চলছে আমাদের ষ্ট্রেস। অফিসের __________ (16) থেকে শুরু করে সাধারণ __________ (17), দাদাদাদু থেকে নাতিনাতনি প্রত্যেকেই আজ এই ষ্ট্রেসের __________ (18)। শহরের অলিগলি থেকে শুরু করে __________ (19) ছড়িয়ে পড়েছে এই আধুনিক সমস্যাটি। আজ তাই প্রত্যেকেই __________ (20) ও মানসিকভাবে এই জিনিসটির কবলমুক্ত হতে প্রয়াসী। কোন কোন চিকিৎসাবিজ্ঞানী এবং __________ (21) বলছেন, ষ্ট্রেস কমানোর জন্য অনিদ্রা, আহারে অরুচি, অতিরিক্ত কাজের চাপ ইত্যাদি কারণ গুলিকে দৈনন্দিন __________ (22) পাতা থেকে বাদ দিতে হবে। তাঁদের মতে, __________ (23) ও ব্যায়াম ষ্ট্রেস মোকাবিলার একটি হাতিয়ার। যোগাসনে যেমন মানসিক __________ (24) লাভ করা যায়, তেমনি নিয়মিত ব্যায়াম ও বিভিন্ন ফিট্‌নেস মেশিন যেমন জগার, অ্যালেগ্রো, ষ্টেপার ইত্যাদির ব্যবহার আমাদের দৈহিক সুস্থতা তথা দেহ __________ (25) বৃদ্ধিরও সহায়ক।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (1) | গ্রামেগঞ্জে | (6) | কবলে | (11) | কর্মকর্তা |
| (2) | প্রশান্তি | (7) | সমস্যা | (12) | সহায়ক |
| (3) | ব্যায়াম | (8) | মনোবিজ্ঞানীরা | (13) | যোগাসন |
| (4) | সৌষ্ঠব | (9) | কর্মী | (14) | ষ্ট্রেস |
| (5) | জীবনের | (10) | হাতিয়ার | (15) | শারিরীক |

www.xtrapapers.com
www.PapaCambridge.com



## Section B
## বিভাগ 'খ'

*অনুচ্ছেদটি ভাল করে পড়ে নিচে দেওয়া প্রশ্নগুলির উত্তর দাও।*

ছুটি কাটাবেন? নাগরিক জীবনের একঘেয়েমি থেকে একটু স্বস্তি পেতে, একটু প্রশান্তির নিঃশ্বাস নিতে ঘুরে আসুন না কোথাও? একটু কষ্ট হলোই বা! ভিন্নতার স্বাদে হৃদয় মন ভরাতে চান? তাহলে চলে আসুন বাংলাদেশের দক্ষিনে, পার্বত্য চট্টগ্রামের রাঙ্গামাটিতে।
রাঙ্গামাটির পুরো জেলা জুড়ে পাহাড় আর অরণ্যের বিশাল বিস্তার। ঝর্ণা আছে পাহাড়ের গায়ে গায়ে। পাহাড়ী নদী চলে গেছে একেবেঁকে। মধ্যে আকাশ নীল লেক। এক অপূর্ব নৈসর্গিক শোভার লীলাভূমি এই রাঙ্গামাটি। চট্ট -গ্রামের ৭০ কিলোমিটার পূর্বে এবং কাপ্তাইয়ের ৩২ কিলোমিটার উত্তরে এর অবস্থান। বনাঞ্চল ও পাহাড়ের গা কেটে সেই পাথর দিয়ে ১৮৮০ সালে তৈরী হয়েছে রাঙ্গামাটি শহর। রাঙ্গামাটির লেক আর কর্ণফুলী নদীতে নৌবিহার করা খুবই আনন্দদায়ক। সাম্পানে চড়ে বেড়াতে পারেন। প্রতি ঘন্টায় মাত্র ১০০ টাকা ভাড়া। স্পীড বোটেও বেড়াতে পারবেন, তবে ভাড়াটা একটু বেশী। এগুলোর ভাড়া পড়বে ঘন্টা প্রতি ৫০০ টাকা। যারা আরও কম খরচে লেক ভ্রমণ করতে চান তারা স্থানীয় যাত্রীবাহী লঞ্চে বেড়াতে পারেন। সবচেয়ে মজার ব্যাপার হলো, লেকটি সমুদ্র সমতল থেকে কয়েক'শ ফুট উঁচুতে এবং লেকের কোন কোন স্থান এত বিস্তৃত যে আপনার মনে হবে আপনি নদীতে আছেন। বিকেলে অব্জারভেশন হিলে বেড়াতে পারেন ঝুলন্ত ব্রিজ দিয়ে। ভাড়া পড়বে ঘন্টা প্রতি ৪০০ টাকা। পাহাড়ের উপরে রয়েছে পর্যটনের ডিয়ার পার্ক, চাকমা রাজার বাড়ি ও উপজাতীয়দের তথ্য সম্বলিত সাংস্কৃতিক যাদুঘর। সেখানে বেড়াতে কোনো খরচ লাগবে না।

রাঙ্গামাটি শহরের মধ্যে কোন ট্যাকসি, কোচ বা রিকশা চোখে পড়বে না। স্কুটার অথবা পায়ে হেঁটে যাতায়াত করতে হয়। শহরে ও এর আশেপাশে বসবাস করে চাকমা, মগ, কুকী, মুরং সহ অন্যান্য উপজাতি। এদের জীবনপ্রণালী বিচিত্র ধরণের। সমতল অঞ্চলের লোকজনের মতো টিন বা ইট-পাথরের তৈরী সাধারণ ঘরবাড়িতে এরা বাস করে না। নিচু জমির কারণে উপজাতিরা প্রথমে বাঁশের মাচা তৈরী করে। এই মাচার উপর বন থেকে কেটে আনা কাঠ দিয়ে বার্মিজ প্যাটার্ণে তৈরী করে তাদের বসবাসের ঘরবাড়ি। উপজাতিদের বেশির ভাগ বৌদ্ধ ধর্মাবলম্বী। প্রতি বছর চৈত্র মাসে অনুষ্ঠিত হয় সপ্তাহব্যাপী বৈসাবী উৎসব যাকে বাংলায় চৈত্রসংক্রান্তি হিসাবে ধরা হয়। এটি পাহাড়ী উপজাতিদের সবচেয়ে বড় পার্বণ। চৈত্রের শেষ দুই দিন এবং নববর্ষের দিন পাহাড়ীদের ঘরে ঘরে এই আনন্দ উৎসব চলে।

www.xtrapapers.com
www.PapaCambridge.com



**B5 MCQ Comprehension**
বোধজ্ঞানের বহু বিকল্প প্রশ্ন

*প্রত্যেকটি প্রশ্নের চারটি করে বিকল্প উত্তর দেওয়া আছে। সঠিক উত্তরটি বেছে তার সংখ্যাটি উত্তর পুস্তিকায় লেখো।*

**26** ছুটিতে বেড়ানোর জন্য উপযুক্ত জায়গা হচ্ছে

1 চট্টগ্রাম
2 কাপ্তাই
3 রাঙ্গামাটি
4 কর্ণফুলী

**27** রাঙামাটির অবস্থান

1 চট্টগ্রাম থেকে ৩২ কিলোমিটার উত্তরে
2 কাপ্তাই থেকে ৭০ কিলোমিটার পূর্বে
3 পার্বত্য চট্টগ্রামের দক্ষিণাঞ্চলে
4 চট্টগ্রাম থেকে ৭০ কিলোমিটার পূর্বে

**28** নৌবিহারে সাম্পানের ভাড়া কত?

1 ঘন্টায় পাঁচ'শ টাকা
2 ঘন্টায় এক'শ টাকা
3 ঘন্টায় চার'শ টাকা
4 লঞ্চের ভাড়ার চেয়ে বেশী

**29** শহরের ভিতরে চলাচলের উপায়

1 কোচ অথবা রিকশা
2 ট্যাকসি অথবা গাড়ি
3 স্কুটার অথবা পদব্রজে
4 যাত্রীবাহী লঞ্চ অথবা স্পীড বোট

**30** উপজাতিরা বাস করে

1 পাহাড়ের গায়ে গায়ে
2 রাঙ্গামাটির লেক আর কর্ণফুলী নদীতে
3 পাহাড়ের উপরে আর চাকমা রাজার বাড়িতে
4 শহরে ও আশেপাশে

www.xtrapapers.com

www.PapaCambridge.com



**31** উপজাতিদের বসবাসের বাড়িঘর তৈরী হয়

1 টিনের প্যাটাণের্ উপর

2 বাঁশের মাচার উপর

3 ইট-পাথরের উপর

4 সমতল জমির উপর

**32** উপজাতিদের প্রধান উৎসব কি?

1 বৌদ্ধ-পূর্ণিমা

2 বৈসাবী

3 নববর্ষ

4 চৈত্রসংক্রান্তি

www.xtrapapers.com
www.PapaCambridge.com



## Section C
## বিভাগ 'গ'

*নিচে দেওয়া অনুচ্ছেদটি ভাল করে পড় এবং প্রশ্নগুলির উত্তর যথা সম্ভব নিজের ভাষায় লেখো।*

বাংলাদেশের মানুষের জীবনের সঙ্গে যে জিনিসটি অতি নিবিড় ভাবে জড়িয়ে আছে, তা হলো এখানকার কুটির শিল্প। এক সময়ে ঘর-গৃহস্থালীর নিত্য ব্যবহারের প্রায় সব পণ্যদ্রব্যই এদেশের গ্রামের কুটিরে তৈরী হতো। কোন প্রকার আধুনিক যন্ত্রপাতি ছাড়া নিজের ঘরে বসে গ্রামের লোকেরা এগুলি তৈরী করতো। এগুলো কুটির শিল্পের মাধ্যমে তৈরী হলেও শিল্পগুণে এ ধরনের সামগ্রী লোকশিল্পের মধ্যে গণ্য।

প্রথমেই বলতে হয় ঢাকাই মসলিনের কথা। ঢাকার মসলিন তৎকালীন মোঘল-বাদশাহদের বিলাসের বস্তু ছিল। মসলিন কাপড় এত সূক্ষ্ম সূতা দিয়ে বোনা হতো যে, ছোট্ট একটি আংটির ভিতর দিয়ে অনায়াসে কয়েক শত গজ মসলিন কাপড় প্রবেশ করিয়ে দেয়া সম্ভব ছিল।

এমনি আর একটি গ্রামীণ লোকশিল্প হলো নক্‌শী কাঁথা। কাপড়ের উপর রঙ-বেরঙের সূতার বিচিত্র নকশা তোলা কাঁথা সেলাইয়ের রেওয়াজ ছিল এক সময়ে বাংলাদেশে। এক একটি সাধারণ আকারের নক্‌শী কাঁথা সেলাই করতেও কমপক্ষে চার থেকে ছ'মাস লাগত। বর্ষাকালে যখন চারিদিকে পানি থৈ থৈ করে, ঘর থেকে বাইরে বের হওয়া যায় না, এমনি মৌসুমই ছিল নক্‌শী কাঁথা সেলাইয়ের উপযুক্ত সময়।

মেয়েরা সংসারের সমস্ত কাজকর্ম, খাওয়া-দাওয়া সেরে পাটি বিছিয়ে পানের বাটাটি পাশে নিয়ে পা মেলে বসতো কাঁথা সেলাই করতে। পাড়া-পড়শীরাও আসতো, গল্প করতো আর সেলাইয়ের কাজে হাত বাটাতো। আপন পরিবেশ থেকেই মেয়েরা তাদের মনের মতো করে কাঁথা সেলাইয়ের অনুপ্রেরণা পেতো। এ শুধু কতগুলো সূক্ষ্ম সেলাই আর রঙ-বেরঙের নকশাই নয়, বরং কাঁথার প্রতিটি সূচের ফোঁড়ের মধ্যে লুকিয়ে আছে এক একটি পরিবারের কাহিনী, তাদের জীবন-গাঁথা।

এ ছাড়া বেত দিয়ে তৈরী শীতলপাটিও আমাদের লোকশিল্পের আর এক নিদর্শন। গ্রীষ্মকালে ব্যবহারে আরামদায়ক বলেই নয়, শীতলপাটির নকশা একটি মৌলিক বৈশিষ্টের পরিচায়ক। অতীতে শীতলপাটির বহু সুদক্ষ কারিগর ছিল। এদের দিয়ে এককালে ঢাকার নবাব পরিবার হাতির দাঁতের একটি শীতলপাটি তৈরী করিয়েছিলেন। ঢাকার জাতীয় যাদুঘরে তা সংরক্ষিত আছে।

লোকশিল্প সংরক্ষণ ও সম্প্রসারণের দায়িত্ব আমাদের সকলের। । সুপরিকল্পিত উপায়ে এবং সুরুচিপূর্ণ লোকশিল্প প্রস্তুতির দিকে মনোযোগ দিলে আমাদের দেশের দারিদ্র মোচন ও বেকার সমস্যার কিছুটা সমাধান হবে এবং বিদেশী পণ্যের বাজারেও বিশেষ ভাবে সমাদৃত হবে।

www.xtrapapers.com
www.PapaCambridge.com



**C6 OE Comprehension** ]
বোধজ্ঞানের মুক্ত প্রশ্ন

নিচের প্রশ্নগুলির উত্তর যথা সম্ভব নিজের ভাষায় লেখো।

**33** প্রথম অনুচ্ছেদে কুটির শিল্প সম্বন্ধে লেখক কি উল্লেখ করেছেন?

**34** মসলিন কি? এর সম্বন্ধে কি বলা হয়েছে?

**35** নকশী কাঁথা কি? এটা তৈরী করতে কতটা সময় লাগতো? বছরের কোন সময়ে, এবং কেন নকশী কাঁথা তৈরী হতো?

**36** নকশী কাঁথাকে ঘিরে বাংলাদেশের মহিলাদের জীবনযাত্রার যে চিত্র তুলে ধরা হয়েছে সেটা বর্ণনা কর।

**37** শীতলপাটি কি দিয়ে তৈরী? এ সম্পর্কে তিনটি বিষয় লেখো।

**38** লোকশিল্প সংরক্ষণ ও সম্প্রসারণের উপর লেখক কেন গুরুত্ব দিয়েছেন? চারটি কারণ দাও।

**C7 Vocabulary** [10 marks]
শব্দার্থ

*উপরোক্ত অনুচ্ছেদে উল্লেখিত নিচের শব্দগুলির অর্থ লেখো।*

**39** কুটির শিল্প

**40** সূক্ষ্ম

**41** পণ্যদ্রব্য

**42** দক্ষতা

**43** মৌসুম

**End of Paper**

www.xtrapapers.com

www.PapaCambridge.com



BLANK PAGE

www.xtrapapers.com
www.PapaCambridge.com



**BLANK PAGE**

*Copyright Acknowledgements:*

Section C Kumral Hassam. *Amader Loko Shilpo*. Bangladesh Text Book Board.

Every reasonable effort has been made to trace all copyright holders where the publishers (i.e. UCLES) are aware that third-party material has been reproduced. The publishers would be pleased to hear from anyone whose rights they have unwittingly infringed.

University of Cambridge International Examinations is part of the University of Cambridge Local Examinations Syndicate (UCLES), which is itself a department of the University of Cambridge.